Number of printed pages: 4 (four) **DCBL-2023-204**

# 2023

Diploma Course in Bengali Language (DCBL)

**Second Semester : 4th paper**

Textual Glimpses of Bengali Literature

Full Marks: 80 Time: 3 hours

**২০২৩**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৪র্থ পত্র**

বাংলা সাহিত্যের পাঠকৃতি

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

**১)** সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **তিনটি**) : - ২ x ৩ = ৬

ক) চতুর্দশপদী কবিতা কাকে বলে? এটির বৈশিষ্ট্য কী?

খ) কবিগুরু বিপদ থেকে মুক্তিলাভের জন্য তিনটি জিনিসের কথা বলেছেন- সেগুলি কী কী?

গ) ‘বঙ্গভাষা’ কবিতাটিকে একটি ধ্রুপদী নাটকও বলা চলে- আলোচনা করুন।

ঘ) কাজী নজরুল ইসলামের কোন কবিতায় দেশবাসীকে হুঁশিয়ার করা হয়েছে? ‘দুর্গম গিরি’, ‘কান্তার মরু’ এখানে কীসের ইঙ্গিত বহন করছে?

**২)** শূন্যস্থান পূর্ণ করুন (যে কোনও **পাঁচটি**) : - ১ x ৫ = ৫

ক) অনিদ্রায় নিরাহারে সপি ____।

খ) বিপদে মোরে ____ করো
এ নহে মোর প্রার্থনা
বিপদে ____ না যেন করি ____।

গ) দুর্গম গিরি কান্তার ____, দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি ____, যাত্রীরা ____॥

অপর পৃষ্ঠায় দেখুন

**৩)** অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **পাঁচটি**) : - ১ x ৫ = ৫

ক) ''বঙ্গভাষা' কবিতায় কবি কাকে অবহেলা করেছেন?

খ) মাতৃভাষার সৃজন সম্ভাবনাকে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন?

গ) দুঃখের মুহূর্তে সান্ত্বনার পরিবর্তে কবিগুরু ঈশ্বরের কাছে কী প্রার্থনা করেছেন?

ঘ) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতার কবি কে?

ঙ) সংসারে ক্ষতি, বঞ্চনা পেলেও কবি কী চেয়েছেন?

চ) 'বিদ্রোহী' কবিতাটির রচয়িতার নাম লিখুন।

ছ) 'যুগযুগান্ত সঞ্চিত ব্যথা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

**৪)** প্রশ্নানুযায়ী উত্তর লিখুন : - ২ x ৩ = ৬

ক) শৈবাল, হিম্মৎ, ধরা। (যে কোনও **দু'টির** অর্থ লিখুন)

খ) আমাদের জাতীয় সঙ্গীতের রচয়িতা হলেন ____ এবং এটির রচনাকাল ____ (১৯০৫/১৯১১/১৯১২)। (শূন্যস্থান **দু'টি** পূর্ণ করুন)

গ) আচরি, কাটাইনু, করিনু। (শব্দগুলো থেকে **দু'টির** আধুনিক গদ্যরূপ লিখুন)

**৫)** সংক্ষেপে উত্তর দিন (যে কোনও ছয়টি) : - ১ x ৬ = ৬

ক) 'পথের পাঁচালি'র যমজ সংস্করণ কোনটি?

খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের একটি কিশোর সংস্করণের নাম লিখুন।

গ) 'অপুর মা' অপুকে কেন ডেকে তুলেছিলেন?

ঘ) 'পাদটীকা' গল্পে উল্লিখিত নদীটির নাম কী?

ঙ) 'বিহঙ্গ' শব্দের অর্থ কী?

চ) লাটসাহেবের কুকুরের ক'টা ঠ্যাং ছিল?

ছ) প্রসন্ন মাস্টার ছাত্রদের পড়ানোর ফাঁকে ফাঁকে কী কাজ করতেন?

**৬)** অর্থ লিখুন (যে কোনও **দু'টি**) : - ২ x ২ = ৪

মর্কট, সারমেয় টোল, আক্রা।

**৭)** সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **তিনটি**) : - ২ x ৩ = ৬

ক) অপুর বাড়িতে থাকা বইগুলোর নাম লিখুন। সান্যাল মশায়ের বৈশিষ্ট্য কী ছিল?

খ) পাঠশালা সম্বন্ধে অপুর ধারণা কী ছিল?

গ) 'পাদটীকা' গল্পে উল্লিখিত তৎকালীন সময়ের পণ্ডিতদের কী কী উপাধি ছিল? দু'টি নাম লিখুন।

ঘ) টোল এবং চতুষ্পাঠীর অবক্ষয় কেন শুরু হয়েছিল?
ঙ) 'নিমগাছ' ছোটগল্পে বনফুলের কী বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে?

**৮)** উত্তর দিন (যে কোনও **একটি**) : - ৪ x ১ = ৪
ক) এন. ডি. বিটসন বেলের আসল নাম কী? তাঁর পরিচয় দিন। তিনি নিজেকে কী বলে পরিচয় দিতেন?
খ) শিশু ও কিশোর সাহিত্যের প্রয়োজন কেন?
গ) 'ডকুমেন্টারি' গল্প বলতে কী বোঝায়?

**৯)** উত্তর লিখুন (যে কোনও **তিনটি**) : - ২ x ৩ = ৬
ক) বর্ষার আবহ তৈরি করতে ময়ূরের রব ছাড়া কীসের রবের ভূমিকা রয়েছে?
খ) 'কেকাধ্বনি' কাকে বলে? এটা কোন্ ঋতুতে বেশি উপলব্ধি করা যায়?
গ) 'সেন্সাস' বলতে কী বোঝায়? এটার উদ্দেশ্য কী?
ঘ) 'হক' এবং 'স্মীড্' দেশভ্রমণের জন্য কোথায় গিয়েছিল? কাফ্রিদের অভিসন্ধিটা কে ফাঁস করে দিয়েছিল?
ঙ) 'হারানো দিন, হারানো মানুষ' কী ধরনের রচনা? লেখক সুজিৎ চৌধুরী কার সাহচর্যে বই-এর সংস্পর্শে আসেন?

**১০)** অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **চারটি**) : - ১ x ৪ = ৪
ক) 'কেকাধ্বনি' গল্পটির লেখকের নাম লিখুন।
খ) 'ব্যান্ড' শব্দের সংস্কৃত নাম কী?
গ) 'মুক্তির পথ' গল্পটি কার লেখা?
ঘ) কাফ্রি তরুণীটি কে ছিল?
ঙ) নববর্ষার প্রবল উন্মত্ততার নিখাদ সুর কোনটি?
চ) কালিদাস প্রকৃতির ছয়টি ঋতুর মধ্যে কী উপলব্ধি করেছেন?

**১১)** টীকা লিখুন (যে কোনও **দু'টি**) : - ২ x ২ = ৪
জয়দেব, ষড়ঋতু, ভোম্বল, বিদ্যাপতি

**১২)** উত্তর লিখুন (যে কোনও **দু'টি**) : - ২ x ২ = ৪
ক) হাবুলচান্দোর কে ছিল? সে কী করত? কেন সে সাইকেল কিনেছিল?
খ) দুই শ্বেতবন্দিকে নিয়ে কাফ্রিদের পরিকল্পনাটা কী ছিল?
গ) 'কৈশোরক' সম্বন্ধে টীকা লিখুন।
ঘ) জীবনী ও আত্মজীবনী কাকে বলে?

**১৩)** সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **তিনটি**) : - ২ x ৩ = ৬

ক) অনুদিত সাহিত্য বলতে কী বোঝায়?

খ) বৃদ্ধ শিল্পীর আয়না দেখার কারণ কী? গল্পের কথক মূর্তিগুলোতে কী আবিষ্কার করেন?

গ) ‘একটি ইলিশের স্বাদ’ গল্পে কোন জনগোষ্ঠীর কথা বলা হয়েছে? মাছ পেয়ে চাওবা কী পরিকল্পনা করেছিল?

ঘ) জুমচাষ কাকে বলে? জুমে কী ফলন হয়?

**১৪)** উত্তর দিন (যে কোনও **দু’টি**) : - ২ x ২ = ৪

ক) ‘হল না, বাবা, হল না’ -কী হল না?

খ) মুক্তা, তম্বা, থানিনজাউ -এরা কারা? অতি সংক্ষেপে তাদের পরিচয় দিন।

গ) ‘বাবা, ও বাবা, আমাদের মাছ নিয়ে গেল, মাছ নিয়ে গেল, মাছ নিয়ে গেল।‘- কে, কাকে এই কথাগুলো বলেছিল?

ঘ) ‘নামাই’, ‘একটি ইলিশের স্বাদ’ ও ‘তৃতীয় নেত্র’ -গল্পগুলো কোন কোন ভাষা থেকে অনূদিত হয়েছে?

**১৫)** সংক্ষেপে উত্তর দিন (যে কোনও **ছয়টি**) : - ১ x ৬ = ৬

ক) সাজাহান নাটকের নাট্যকার কে?

খ) ‘রঙ্গমঞ্চ’ -টীকা লিখুন।

গ) ‘সাজাহান’ নাটকের স্থান এবং সময় সম্বন্ধে লিখুন।

ঘ) সম্রাটের জ্যেষ্ঠপুত্রের নাম কী?

ঙ) সিপার কে?

চ) নাদিরার পরিচয় দিন।

ছ) ‘সাজাহান’ নাটকের স্বকল্পিত রাজাটি কে?

**১৬)** উত্তর লিখুন:- (যে কোনও **একটি**) : - ৪ x **১** = **১**

ক) সাজাহান কে? তাঁর পিতৃস্নেহের পরিচয় দিন।

খ) ‘'আমি যাচ্ছি আপনার সিংহাসন রক্ষা কর্তে’ -উক্তিটি কার? তিনি কেন এই কথাগুলো বলেছিলেন?

গ) জাহানারা কে? তিনি কেন দারাকে সমর্থন করেন?

- শেষ পৃষ্ঠা -